

■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩১৩

১৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৫. ইসলামের প্রতি কাউকে আকৃষ্ট করা উদ্দেশ্য, তাকে এবং ঐ ব্যক্তি, যাকে দান না করলে ঈমান থেকে ফিরে যাবার আশংকা রয়েছে, তাদের দান করা এবং মূর্খতার কারণে কঠোরতার সাথে সাওয়াল করলে তা স্য করা আর খারিজীদের বর্ণনা ও তাদের বিধান

باب اعطاء المؤلفة ومن يخاف على ايمانه ان لم يعط

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعاَذٍ، وَحَامِدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قَالَ أَبْنُ مُعاَذٍ حَدَّثَنَا
الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ أَبِيهِ، قَالَ حَدَّثَنِي السُّمَيْطُ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ افْتَحْتَنَا
مَكَّةَ ثُمَّ إِنَّا غَزَوْنَا حُنَيْنًا فَجَاءَ الْمُشْرِكُونَ بِالْحَسْنِ صُفُوفًا رَأَيْتُ - قَالَ - فَصُفْتَ
الْخَيْلُ ثُمَّ صُفْتِ الْمُقَاتَلَةُ ثُمَّ صُفْتِ النِّسَاءُ مِنْ وَرَاءِ ذَلِكَ ثُمَّ صُفْتِ الْغَنَمُ ثُمَّ صُفْتِ
النَّعْمُ - قَالَ - وَنَحْنُ بَشَرٌ كَثِيرٌ قَدْ بَلَغْنَا سِتَّةَ آلَافٍ وَعَلَى مُجَنَّبَةِ خَيْلِنَا خَالِدُ بْنُ الْوَلِيدِ
- قَالَ - فَجَعَلْتُ خَيْلَنَا تَلْوِي خَلْفَ ظُهُورِنَا فَلَمْ نَلْبِثْ أَنْ انْكَشَفَتْ خَيْلُنَا وَفَرَّتِ
الْأَعْرَابُ وَمَنْ نَعْلَمُ مِنَ النَّاسِ - قَالَ - فَنَادَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "يَا
الْمُهَاجِرِينَ يَا لِلْمُهَاجِرِينَ" . ثُمَّ قَالَ "يَا لِلْأَنْصَارِ يَا لِلْأَنْصَارِ" . قَالَ قَالَ أَنَسُ هَذَا
حَدِيثُ عَمِيَّةٍ . قَالَ قُلْنَا لَبَيْكَ يَا رَسُولَ اللَّهِ - قَالَ - فَتَقَدَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ - قَالَ - فَأَيْمُ اللَّهِ مَا أَتَيْنَاهُمْ حَتَّى هَزَمْهُمُ اللَّهُ - قَالَ - فَقَبَضْنَا ذَلِكَ الْمَالَ ثُمَّ
اَنْطَلَقْنَا إِلَى الطَّائِفِ فَحَاصِرَنَا هُمْ أَرْبَعِينَ لَيْلَةً ثُمَّ رَجَعْنَا إِلَى مَكَّةَ فَنَزَلْنَا - قَالَ - فَجَعَلَ
رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْطِي الرَّجُلَ الْمِائَةَ مِنَ الْإِيلِيلِ . ثُمَّ ذَكَرَ بَاقِيَ الْحَدِيثِ
كَنَّحُو حَدِيثِ قَتَادَةَ وَأَبِي التَّيَّاحِ وَهِشَامِ بْنِ زَيْدٍ .

বাংলা

২৩১৩। উবায়দুন্নাহ ইবনু মু'আয, হামিদ ইবনু উমর ও মুহাম্মাদ ইবনু আবদুল আলা (রহঃ) ... আনাস ইবনু
মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা মক্কা বিজয় করলাম। তারপর ভুনায়নের যুদ্ধে অগ্রসর হলাম। এ

সময় মুশরিকরা সুশৃঙ্খল ও সারিবদ্ধভাবে যুদ্ধের ময়দানে উপস্থিত হল। প্রথম কাতারে ছিল তাদের অশ্বারোহী দল, তারপর পদাতিক বাহিনীর কাতার, তারপর মহিলাদের কাতার, তারপর বকরীর কাতার, তারপর উটের কাতার। আনাস (রাঃ) বলেন, আমরা। ছিলাম সংখ্যায় অনেক। আমারা সংখ্যা ছয় হাজার গিয়ে পৌছেছিল। আমাদের ডান দিকের অশ্বারোহী দলের সেনাপতি ছিলেন খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ)। এক সময় আমাদের ঘোড়াগুলো পাশ্চাদ্যপদ হতে লাগল এবং আমাদের ঘোড়াগুলো দ্রুত ময়দান ছেড়ে গেল। আর বেদুইন লোকেরা এবং আমদের কিছু জানা লোকও পালাল।

আনাস (রাঃ) বলেন, তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উচ্চস্থরে ডাক দিলেন, হে মুহাজির সম্প্রদায়! হে মুহাজির সম্প্রদায়! তিনি আবার বললেন, হে আনসার সম্প্রদায়! হে আনসার সম্প্রদায়! রাবী বলেন, আনাস (রাঃ) বলেছেন, হাদীসের পরবর্তী অংশ আমার চাচাদের কাছ থেকে বর্ণিত। আমরা বললাম, লাক্বাইক ইয়া রাসুলুল্লাহ! তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্তুখের দিকে অগ্রসর হলেন।

আনাস (রাঃ) বলেন, আল্লাহর কসম আমরা আমাদের স্থানে পৌছার পূর্বেই আল্লাহ তায়ালা মুশরিকদের পরাজিত করে দিলেন। আমরা তাদের সকল সম্পদ হস্তগত করলাম। তারপর আমরা তায়িফের দিকে চললাম এবং তায়িফবাসীদের চল্লিশ দিন পর্যন্ত অবরোধ করে রাখলাম। তারপর আমরা মক্কার দিকে ফিরে এলাম এবং সেখানে অবতরণ করলাম।

রাবী বলেন, এরপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতিপয় লোককে একশ করে উট দিতে লাগলেন। হাদীসের পরবর্তী অংশ কাতাদা, আবু তায়্যাহ ও হিশাম ইবনু যায়িদ (রহঃ) কর্তৃক বর্ণিত উপরোক্ত হাদীসের অনুরূপ।

English

Anas b. Malik reported:

We conquered Mecca and then we went on an expedition to Hunain. The polytheists came, forming themselves into the best rows that I have seen. They first formed the rows of cavalry, then those of infantry, and then those of women behind them. Then there were formed the rows of sheep and goats and then of other animals. We were also people large in number, and our (number) had reached six thousand. And on one side Khalid b. Walid was in charge of the cavalry. And our horses at once turned back from our rear. And we could hardly hold our own when our horses were exposed, and the bedouins and the people whom we knew took to their heels. (Seeing this) the Messenger of Allah (ﷺ) called thus: O emigrants, O emigrants. He then said: O Ansar, O Ansar. (Anas said: This hadith is transmitted by a group of eminent persons.) We said: At thy beck and call are we, Messenger of Allah. The Messenger of Allah (ﷺ) then advanced and he (Anas) said: By Allah, we had not yet reached them when Allah defeated them. and we took

possession of the wealth and we then marched towards Ta'if, and we besieged them for forty nights. and then came back to Mecca and encamped (at a place), and the Messenger of Allah (ﷺ) began to bestow a hundred camels upon each individual. The rest of the hadith is the same.

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁজিরীকৃত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আলাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=11678>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন